**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

## সংবাদ গতিধারা

**ঢাকা, রোববার ৩১ মে ২০১৫, ১৭ জ্যৈষ্ঠ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সমর ব্যয় কমিয়ে বিশ্বে দারিদ্র্য নির্মূল সম্ভব
: দক্ষিণ এশিয়া খাদ্য অধিকার সম্মেলনে প্রধানমন্ত্রী

২। পাবলিক পরীক্ষায় এমসিকিউ পদ্ধতি তুলে দেওয়া হবে : শিক্ষামন্ত্রী

৩। সারাদেশে এসএসসি ও সমমানের পরীক্ষার ফল প্রকাশ : কমেছে পাসের হার ও জিপিএ ৫

৪। বাংলাদেশে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সফরে দুটি এমওইউ স্বাক্ষর হবে
: ভারতের মন্ত্রিপরিষদের বৈঠকে অনুমোদন

৫। বিচার বিভাগের প্রশাসনিক সব কাজে আইনমন্ত্রীর সহায়তা চান প্রধান বিচারপতি

৬। ভূমধ্যসাগরে ৪২০০ অভিবাসী ও ১৭ লাশ উদ্ধার : মিয়ানমারে থাই পাচারকারী গ্রেফতার

৭। ৬ লাখ সাড়ে ৩২ হাজার কোটি টাকার বিকল্প বাজেট প্রস্তাব অর্থনীতি সমিতির

৮। নারী ব্যাংকারদের সন্ধ্যা ছয়টার পর কর্মস্থলে রাখা যাবে না
: বাংলাদেশ ব্যাংকের পরিপত্র জারি

৯। সোয়া কোটি টাকার সোনাসহ বিমান জব্দ

১০। বিশ্ব তামাকমুক্ত দিবস আজ

চলমান পাতা/২

১।	সমর ব্যয় কমিয়ে বিশ্বে দারিদ্র্য নির্মূল সম্ভব

: দক্ষিণ এশিয়া খাদ্য অধিকার সম্মেলনে প্রধানমন্ত্রী

বিশ্বব্যাপী সামরিক ব্যয় কমানোর মাধ্যমে পৃথিবী থেকে দারিদ্র্য সমূলে উৎপাটন করা সম্ভব বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, সমরসজ্জার পেছনে সব দেশের যে ব্যয় হয়, তার একটি ক্ষুদ্র অংশ যদি দারিদ্র্য দূর করার লক্ষ্যে ব্যয় হতো, তাহলে বিশ্বে আর দারিদ্র্য থাকত না। গতকাল ৩০ মে শনিবার ঢাকায় 'দক্ষিণ এশিয়া খাদ্য অধিকার সম্মেলন' শীর্ষক উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসব কথা বলেন। সূত্র-সমকাল (শেষ পৃ.,ক.৩), জনকণ্ঠ (পৃ.১,ক.২), নিউজ টুডে (পৃ.১,ক.৫), ডেইলি সান (পৃ.১,ক.৪)।

২।	পাবলিক পরীক্ষায় এমসিকিউ পদ্ধতি তুলে দেওয়া হবে : শিক্ষামন্ত্রী

দেশসেরা শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা আর করা হবে না। পাবলিক পরীক্ষায় শিক্ষা প্রতিষ্ঠানগুলোর প্রতিযোগিতা ঠেকাতে আগামীতে এই উদ্যোগ বাস্তবায়ন করা হবে। গতকাল ৩০ মে শনিবার এসএসসি এবং সমমানের পরীক্ষার ফল প্রকাশের সংবাদ সম্মেলনে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এ কথা জানিয়েছেন। মন্ত্রী এ সময় বলেন, শিক্ষকদের অনৈতিক কার্যকলাপ ঠেকাতে পাবলিক পরীক্ষায় নৈর্ব্যক্তিক (এমসিকিউ) পদ্ধতি তুলে দেওয়ার চিন্তা ভাবনা হচ্ছে। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৫), ইত্তেফাক (পৃ.১,ক.৫), সংবাদ (পৃ.১,ক.৬), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.১), ডেইলি সান (শেষ পৃ.,ক.২)।

৩।	সারাদেশে এসএসসি ও সমমানের পরীক্ষার ফল প্রকাশ : কমেছে পাসের হার ও জিপিএ ৫

মাধ্যমিক পরীক্ষায় ফলের ধারাবাহিক ঊর্ধ্বগতিতে এবার ছেদ পড়েছে। গত কয়েক বছর ধারাবাহিকভাবে ফলের সব সূচক ঊর্ধ্বমুখী থাকলেও এবার পাসের হার ও সর্বোচ্চ ফল জিপিএ ৫ প্রাপ্তি কমেছে। দেশের আটটি সাধারণ শিক্ষা বোর্ডেই পাসের হার কমেছে। সরকারের পক্ষ থেকে এ জন্য ফেব্রুয়ারি ও মার্চ মাসজুড়ে বিএনপি জোটের লাগাতার হরতাল-অবরোধকে দায়ী করা হয়েছে। গতকাল ৩০ মে শনিবার দেশের ১০টি শিক্ষা বোর্ডের অধীনে মাধ্যমিক ও সমমান পরীক্ষার ফল প্রকাশ করা হয়। এ বছর সারাদেশে মোট ১৪ লাখ ৭৩ হাজার ৫৯৪ পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ১২ লাখ ৮২ হাজার ৬১৮ জন। সূত্র-সমকাল, ইত্তেফাক, প্রথম আলো, যুগান্তর, ডেইলি স্টার, ডেইলি সান, নিউজ টুডেসহ অধিকাংশ দৈনিক এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৪।	বাংলাদেশে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সফরে দুটি এমওইউ স্বাক্ষর হবে

: ভারতের মন্ত্রিপরিষদের বৈঠকে অনুমোদন

বাংলাদেশে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সফরে সমুদ্র উপকূলীয় এলাকায় জাহাজ চলাচল এবং মানব পাচার ইস্যুতে দুটি সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষর হবে। গতকাল ৩০ মে শনিবার ভারতের মন্ত্রিপরিষদের বৈঠকে এই দুটি এমওইউ স্বাক্ষরের বিষয়ে অনুমোদন দেওয়া হয়। বৈঠকে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৪), প্রথম আলো (পৃ.১,ক.১), ডেইলি স্টার (পৃ.১,ক.১), ডেইলি সান (পৃ.১,ক.২)।

৫।	বিচার বিভাগের প্রশাসনিক সব কাজে আইনমন্ত্রীর সহায়তা চান প্রধান বিচারপতি

বিচার বিভাগে প্রশাসনিক সব কাজে আইনমন্ত্রীর সহযোগিতা চাইলেন প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা। তিনি বলেন, সরকারের নির্বাহী বিভাগের সহযোগিতা ছাড়া বিচার বিভাগের কোনো কাজ বাস্তবায়ন করা সম্ভব নয়। বিচার বিভাগ রাষ্ট্রের একটি অঙ্গ। প্রশাসনের সঙ্গে এটি ঘনিষ্ঠভাবে জড়িত এ বাস্তবতা কোনোভাবেই অস্বীকার করা যায় না। বিচার বিভাগকে রাষ্ট্রের অন্যান্য অঙ্গের সঙ্গে সামঞ্জস্য রেখেই কাজ করতে হবে। গতকাল ৩০ মে শনিবার বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট মিলনায়তনে বাংলাদেশ মহিলা জজ অ্যাসোশিয়েশন আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা এসব কথা বলেন। সূত্র-সমকাল (শেষ পৃ.,ক.৪), ইত্তেফাক (পৃ.১,ক.৮), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৬), নিউজ টুডে (পৃ.১,ক.২), ডেইলি সান (পৃ.১,ক.১)।

৬।	ভূমধ্যসাগরে ৪২০০ অভিবাসী ও ১৭ লাশ উদ্ধার : মিয়ানমারে থাই পাচারকারী গ্রেফতার

ভূমধ্যসাগর পাড়ি দেওয়ার চেষ্টাকালে গত ২৯ মে শুক্রবার ৪ হাজার ২০০ অভিবাসীকে উদ্ধার করা হয়েছে। এ সময় বেশ কয়েকটি নৌযানে ১৭ জনের লাশ পাওয়া গেছে। ইতালির কোস্টগার্ড এ উদ্ধার কাজে সহায়তা করে। আন্তর্জাতিক অভিবাসন সংস্থার (আইওএম) তথ্য অনুযায়ী, চলতি বছরের জানুয়ারি থেকে এপ্রিলের মধ্যে প্রায় ৪০ হাজার অভিবাসন প্রত্যাশী ভূমধ্যসাগর পাড়ি দেওয়ার চেষ্টা করেছেন এবং পাড়ি দিতে গিয়ে ১ হাজার ৭৭০ জন মারা গেছেন। এদিকে গত সপ্তাহে মিয়ানমার উপকূলে উদ্ধার ২০৮ অভিবাসীবাহী নৌকার থাই মালিক নারিংনাট প্যাটানসাংটানকে গ্রেফতার করেছে মিয়ানমার পুলিশ। তার বিরুদ্ধে মানব পাচারের অভিযোগ রয়েছে। সূত্র-যুগান্তর (শেষ পৃ.,ক.৭), ইনকিলাব (পৃ.৬,ক.১), ডেইলি সান (শেষ পৃ.,ক.৪), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৫)।

৭।	৬ লাখ সাড়ে ৩২ হাজার কোটি টাকার বিকল্প বাজেট প্রস্তাব অর্থনীতি সমিতির

আগামী ২০১৫-১৬ অর্থবছরের জন্য ৬,৩২,৫০০ কোটি টাকার বিকল্প বাজেট প্রস্তাব দিয়েছে বাংলাদেশ অর্থনীতি সমিতি (বিইএ)। এই বিকল্প বাজেট-প্রস্তাবটিকে 'রাজনৈতিক অর্থনৈতিক বাজেট প্রস্তাব' হিসেবে উল্লেখ

করেছে সমিতি। বৈষম্যহীন, উন্নত ও শক্তিশালী বাংলাদেশ গড়া দর্শনকে সামনে রেখে প্রস্তাবনাগুলো তৈরি করা হয়েছে। মুক্তিযুদ্ধের চেতনায় বাংলাদেশ বিনির্মাণে এমন একটি বাজেটই দরকার বলেও মনে করছে তারা। গতকাল ৩০ মে শনিবার রাজধানীর অর্থনীতি সমিতির কার্যালয়ে এক সংবাদ সম্মেলনের মাধ্যমে লিখিত বাজেট প্রস্তাব পেশ করেন সমিতির সভাপতি অধ্যাপক ড. আশরাফ উদ্দিন চৌধুরী। সূত্র-সংবাদ (পৃ.১,ক.৭), ইত্তেফাক (শেষ পৃ.,ক.৬), প্রথম আলো (পৃ.১৩,ক.৬), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.২), ডেইলি স্টার বিজনেস (পৃ.১,ক.৫)।

৮। নারী ব্যাংকারদের সন্ধ্যা ছয়টার পর কর্মস্থলে রাখা যাবে না : বাংলাদেশ ব্যাংকের পরিপত্র জারি

সন্ধ্যা ছয়টার পর নারী কর্মীদের কর্মস্থলে রাখতে পারবে না কোনো ব্যাংক। কেবল কাজের প্রয়োজনে পর্যাপ্ত নিরাপত্তা ও পারিশ্রমিক দিয়ে নারী কর্মীদের এ সময়ের পর কর্মস্থলে রাখা যাবে। বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ গত ২৮ মে বৃহস্পতিবার এক পরিপত্রে এ নির্দেশনা জারি করেছে। সূত্র-প্রথম আলো (পৃ.১৩,ক.৫), সংবাদ (শেষ পৃ.,ক.৪)।

৯। সোয়া কোটি টাকার সোনাসহ বিমান জব্দ

বিমানের দুবাইগামী এয়ারক্রাফটের সিটের নিচ থেকে গতকাল ৩০ মে শনিবার প্রায় সোয়া কোটি টাকা মূল্যের ২৪টি সোনার বার উদ্ধার করেছে শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদফতর। বিমানটি বেলা ৩টা ৪০ মিনিটের সময় দুবাই থেকে ঢাকায় আসে। বিমানটি রাত ৮টায় ফের চট্টগ্রাম হয়ে দুবাই যাওয়ার কথা ছিল। বিমানটি মামলার আলামত হিসেবে জব্দ করা হয়েছে। সূত্র-যুগান্তর (পৃ.২,ক.৫), জনকণ্ঠ (পৃ.১,ক.৫), ইত্তেফাক (পৃ.১,ক.৮)।

১০। বিশ্ব তামাকমুক্ত দিবস আজ

আজ ৩১ মে রোববার বিশ্ব তামাকমুক্ত দিবস। বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও সরকারি-বেসরকারি পর্যায়ে বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে দিবসটি উদযাপন করা হবে। দিবসটির এবারের প্রতিপাদ্য হচ্ছে-'তামাকজাত দ্রব্যের অবৈধ ব্যবসা বন্ধ কর'। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা দিবসটি উপলক্ষে পৃথক পৃথক বাণী দিয়েছেন। সূত্র-যায়যায়দিন (পৃ.৩, ক.৮), প্রথম আলো (শেষ পৃ.,ক.১), জনকণ্ঠ (পৃ.৩,ক.৪), ডেইলি অবজারভার (পৃ.১,ক.৬), বাংলাদেশ টুডে (পৃ.১,ক.৮)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো, সমকাল, ইনকিলাব, যায়যায়দিন, ডেইলি স্টার, ডেইলি সান : রোহিঙ্গাদের ওপর নিপীড়ন বন্ধে মিয়ানমার সরকারের ওপর অব্যাহতভাবে আন্তর্জাতিক চাপ জারি রাখার ওপর গুরুত্বারোপ করার পাশাপাশি বাংলাদেশি বা রোহিঙ্গা জনগোষ্ঠীকে পাচারের সাথে জড়িত মানবপাচারকারী চক্রকে সমূলে ধ্বংস করার দাবি;

খ. ইত্তেফাক : রাজধানীর সার্ক ফোয়ারা মোড়ের পাশে নির্মাণাধীন একটি ভবনের পাইলিং ধসের ঘটনার কথা উল্লেখ করে এর কারণ তদন্ত সাপেক্ষে ব্যবস্থা নেওয়ার ও ভবন নির্মাণের ক্ষেত্রে সকল সম্ভাব্য ঝুঁকি মোকাবিলায় আগাম ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ;

গ. জনকণ্ঠ : নারীকে কর্মক্ষেত্রে নিরাপত্তা প্রদানের বিষয়টিতে নজর দেওয়ার সুপারিশ;

ঘ. সংবাদ : হবিগঞ্জের খোয়াই নদ ভরাট করে সড়ক নির্মাণের দায়ে চীনা প্রতিষ্ঠানের বিরুদ্ধে অতিসত্বর ব্যবস্থা নেওয়ার দাবি;

ঙ. সমকাল : ডিবি পুলিশ পরিচয়ে একদল দুস্কৃতিকারীর দীর্ঘদিন থেকে কেরানীগঞ্জ ও মুন্সিগঞ্জের সিরাজদিখান এলাকায় ব্যবসায়ী ও প্রবাসীদের কাছে অর্থ ছিনতাই করার ঘটনা উল্লেখ করে এতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রতি জনগণের আস্থাহীনতা তৈরি হতে পারে আশঙ্কায় এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান;

চ. ডেইলি স্টার : দেশের দ্রুত উন্নয়ন ত্বরান্বিত করতে বাজেটের প্রাধান্য ভিত্তিক উন্নয়ন প্রকল্পগুলো কাগজে কলমে না রেখে যথাযথভাবে বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ;

ছ. ইন্ডিপেনডেন্ট : বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড যথাযথভাবে প্রয়োগে হাইকোর্টের নির্দেশনা অনুযায়ী অথরিটি গঠনে সরকারি ব্যর্থতার সমালোচনা করে অতিদ্রুত অথরিটি গঠনের আহ্বান;

জ. ডেইলি সান : সরকার ও আইন প্রয়োগকারী সংস্থাকে খাদ্য নিরাপত্তা আইন যথাযথভাবে প্রয়োগের দ্বারা ফলমূলে বিষাক্ত রাসায়নিক ব্যবহার প্রতিরোধ করে জনগণের জন্য তা নিরাপদ করার সুপারিশ;

ঝ. নিউ এজ : আসন্ন রমজানে পণ্য সামগ্রীর মূল্য সাধারণের ক্রয়ক্ষমতার মধ্যে রাখতে এখনই প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের আহ্বান;

ঞ. ফিনানশিয়াল এক্সপ্রেস : কৃষিকাজের ফার্ম মেশিনারিগুলোর ওপর প্রণোদনা দেওয়া হলে কৃষির উন্নয়নে তা ব্যাপক অবদান রাখবে বলে প্রত্যাশা ব্যক্ত করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত কলামে রোহিঙ্গা সমস্যার একটা টেকসই সমাধানই কেবল দক্ষিণ পূর্ব এশিয়াসহ প্রায় সারা পৃথিবীর মানব পাচার সমস্যার বড় ধরনের একটা সমাধান দিতে পারে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত 'মাদকের অশুভ দুয়ার' শিরোনামের নিবন্ধে মো. শহীদুল আলম মাদক বিরোধী কার্যক্রমে রাজনৈতিক নেতৃবৃন্দ, ধনবান ব্যবসায়ী ও সর্বস্তরের জনগণের অর্থবহভাবে অংশগ্রহণ থাকলে তা নিয়ন্ত্রণ করা সম্ভব বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা